তারিখ 12 JAN 2017
পৃষ্ঠা … কলাম …

# দশ বেসরকারি মেডিকেল কলেজকে জরিমানার রায় প্রকাশ

যুগান্তর রিপোর্ট

শর্তপূরণ না হওয়ার পরেও শিক্ষার্থী ভর্তি করায় ১০ বেসরকারি মেডিকেল কলেজকে এক কোটি টাকা করে জরিমানা করে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের দেয়া পূর্ণাঙ্গ রায় প্রকাশ করা হয়েছে। মেডিকেল কলেজগুলো হল— শমরিতা মেডিকেল কলেজ, সিটি মেডিকেল কলেজ, নাইটিঙ্গেল মেডিকেল কলেজ, জয়নুল হক শিকদার মেডিকেল কলেজ, এআর মেডিকেল কলেজ, ইস্ট-ওয়েস্ট মেডিকেল কলেজ, তাইরুন নেছা মেডিকেল কলেজ, আইচি মেডিকেল কলেজ, কেয়ার মেডিকেল কলেজ ও আশিয়ান মেডিকেল কলেজ।

বুধবার সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে এ রায় প্রকাশ করা হয়। রায়ের পর্যবেক্ষণে আপিল বিভাগ বলেছে, এমবিবিএস, বিডিএস কোর্সে ছাত্র ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দেয়া সিদ্ধান্ত কলেজগুলো ভঙ্গ করতে পারবে না। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বেঁধে দেয়া শর্তানুসারে মেডিকেল কলেজগুলোকে চলতে হবে। এমবিবিএস, বিডিএস কোর্সে গ্রাজুয়েশন সনদ দেয়ার একচ্ছত্র ক্ষমতা শুধুমাত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। রায়ের পর্যবেক্ষণে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে নিবন্ধিত কলেজগুলোর নীতিমালা মেনে চলার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু সেটি না মেনে ভর্তির ক্ষেত্রে মেডিকেল কলেজগুলো শর্ত লঙ্ঘন করেছে।